120212 - ঘরকে কুলক্ষণ ভাবা

প্রশ্ন

জনকৈ লোক এক বাসায় বসবাস করছিল। যে বাসাতে থেকে সে বিভিন্ন রোগ ও অনেক বিপদ-মুসিবতে আক্রান্ত হচ্ছিল। যার ফলে সে ও তার পরিবার উক্ত বাসাকে কুলক্ষণ গণ্য করল। এ কারণে তার জন্য যে ঐ বাসাটি ত্যাগ করা কি জায়েয?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

কোন কোন বসত ঘর, কোন কোন যানবাহন কিংবা কোন কোন স্ত্রী কুলক্ষণে হতে পারে। আল্লাহ্‌তাআলা তাঁর হেকমত অনুযায়ী এগুলোর সঙ্গে থাকলে ক্ষতি ঘটান কিংবা কোন কল্যাণ থেকে বঞ্চিত করেন কিংবা এ জাতীয় অন্য কিছু ঘটে। তাই এ ধরণের বাসা বিক্রি করে দিয়ে অন্য বাসায় স্থানান্তরিত হতে কোন অসুবিধা নাই। আশা করি, এখান থেকে অন্যত্র স্থানান্তরিত হলে আল্লাহ্‌সেখানে কল্যাণ রাখবেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে উদ্ধৃত হয়েছে যে, তিনি বলেন: "তিনটি জিনিসের মাঝে কুলক্ষণ রয়েছে: ঘর, নারী ও ঘোড়ার মধ্যে"। সুতরাং কোন কোন যানবাহন কুলক্ষণে হতে পারে এবং কোন কোন স্ত্রী কুলক্ষণে হতে পারে। কোন কোন বাড়ী কুলক্ষণে হতে পারে। যদি কেউ এমন কিছু দেখতে পায় তাহলে তার জেনে রাখা উচিত এটি আল্লাহ্‌তাআলার পক্ষ থেকে তাকদীরকৃত। আল্লাহ্‌তাআলা তাঁর হেকমত অনুযায়ী এটি তাকদীরে রেখেছেন; যাতে করে সে ব্যক্তি অন্য কোন স্থানে স্থানান্তরিত হয়। আল্লাহ্‌ই সর্বজ্ঞ।"[সমাপ্ত]

শাইখ উছাইমীন (রহঃ)

[ফাতাওয়াল আকিদা (পৃষ্ঠা-৩০৩)]